


সামাজিক নিয়ন্ত্রণ এর ধারণা (Meaning & Concept of Social Control)



সামাজিক নিয়ন্ত্রণ এর সংজ্ঞা (Definition of Social Control)

সামাজিক নিয়ন্ত্রণ হল এমন একটি সামাজিক প্রক্রিয়া, যার মাধ্যমে সমাজ বিধিবিহীন ও বিধিবদ্ধ উভয় উপায়ে, সমাজস্থ ব্যক্তিদের সমাজ স্বীকৃত নীতি, প্রথা, আদর্শ, বিশ্বাস, মূল্যবোধ, ইত্যাদি ও আরোপিত কিছু নিয়ম কানুনের দ্বারা আচরণ করতে, অর্থাৎ, সুসংযত ও সুশৃঙ্খিত হতে বাধ্য করে এবং তাদের সমাজে বসবাস উপযুক্ত করে তোলে। অর্থাৎ, সামাজিক নিয়ন্ত্রণের মাধ্যমে সামগ্রিক সমাজ ব্যবস্থা সংহত ও শৃঙ্খিত উপায়ে সুপরিচালিত হয় যা সমাজ কে তার কাঙ্ক্ষিত লক্ষ্য গুলি অর্জনে সহায়তা করে।

(Social control is a social process whereby using both informal and formal forces society ensures that members are bound to behave in accordance with socially recognized and approved norms, customs, ideals, beliefs, values, etc., and certain imposed rules & regulations, which makes them well compliant and disciplined and fit to live in society. That is, through social control, the overall social system is governed in a coherent and orderly way to achieve desired social goals & development.)

সামাজিক নিয়ন্ত্রণ এর প্রকৃতি (Nature of Social Control)

- সামাজিক নিয়ন্ত্রণ হল এমন একটি সামাজিক প্রক্রিয়া, যেখানে সমাজ তার সদস্যদের উপর নিয়ন্ত্রণ রাখার চেষ্টা করে।
- সামাজিক নিয়ন্ত্রণ একধরণের সামাজিক প্রভাবকে বোঝায়। এই প্রভাবটি জনমত, জবরদস্তি বা বলপূর্বক, ধর্ম, নেতৃত্ব, শিক্ষা, আইন আদালত, ইত্যাদির মাধ্যমে বিভিন্ন উপায়ে প্রয়োগ করা হয়।
- সামাজিক নিয়ন্ত্রণের প্রভাবটি মূলত সমাজ বা সম্প্রদায় দ্বারা প্রয়োগ করা হয়।
- সামাজিক নিয়ন্ত্রণের প্রভাবটি সামগ্রিকভাবে সমস্ত ব্যক্তি বর্গ বা গোষ্ঠীর কল্যাণ সাধনের জন্য প্রযোজিত করা হয়।
- মানব সমাজের উৎপত্তির সাথে সাথেই সামাজিক নিয়ন্ত্রণেরও উৎপত্তি। এটি মানব সমাজের ন্যায় আদি এবং মানব সমাজের একটি অপরিহার্য শর্ত।
- সামাজিক নিয়ন্ত্রণ হল একটি সার্বজনীন বিষয়। অর্থাৎ, সামাজিক নিয়ন্ত্রণ ব্যক্তিত সমাজ হয়না।
- সামাজিক নিয়ন্ত্রণ আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উভয় সামাজিক এজেন্সি বা সংস্থা বা বাহনের মাধ্যমে প্রয়োগ করা হয়।

সামাজিক নিয়ন্ত্রণের লক্ষ্য ও উদ্দেশ্য

সামাজিক নিয়ন্ত্রণের কতিপয় নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য রয়েছে। যথা :

১. সামাজিক নিয়ন্ত্রণের মূল লক্ষ্য সামাজিক শৃঙ্খলা বজায় রাখা এবং সামাজিক সংহতিকে জোরদার করা।
২. মানুষের অসংযত আচরণ ও কৃপ্তব্যতি দমন এবং মানব আচরণকে সমাজ স্বীকৃত ধারায় প্রবাহিত করা। এর অন্যতম লক্ষ্য সমাজের প্রথা, অনুশাসন এবং মূল্যবোধ অনুযায়ী ব্যক্তি বা গোষ্ঠী-আচরণ নিয়ন্ত্রণ।
৩. সামাজিক নিয়ন্ত্রণের আরেকটি লক্ষ্য হচ্ছে সার্বিকভাবে সামাজিক স্বার্থ বা গোষ্ঠী স্বার্থকে বড় করে দেখা এবং সে কারণে ব্যক্তির হীন স্বার্থকে নিয়ন্ত্রণ করা এবং অবক্ষয় থেকে সমাজকে রক্ষা করা।
৪. সামাজিক নিয়ন্ত্রণ একটি কর্তৃত বা শাসনব্যবস্থাকে নির্দেশ করে। অতএব, সামাজিক নিয়ন্ত্রণের লক্ষ্য সমাজকে শাসন করা। এক্ষেত্রে প্রচলিত আইন, প্রথা তথা সমাজ স্বীকৃত উপায় অনুসরণ করা হয় এবং এমন কতিপয় ব্যবস্থা গৃহীত হয় যেসব সামাজিক নিয়ন্ত্রণের জন্য কাজ করে।
৫. যেহেতু সামাজিক সংহতি ও শৃঙ্খলা উন্নয়নের অন্যতম পূর্বশর্ত, সেহেতু সামাজিক নিয়ন্ত্রণের প্রত্যক্ষ বা পরোক্ষ লক্ষ্য হচ্ছে সামাজিক উন্নয়ন তথা কল্যাণ।

সামাজিক নিয়ন্ত্রণ এর প্রকৃত বা প্রয়োজনীয়তা (Importance or needs of Social Control)

- সমাজস্থ সদস্যদের কুপ্রবৃত্তি দূরকরে ও আচরণের কাঞ্চিত পরিমার্জন করে তাদের সুসংযত ও সুশৃঙ্খলিত হতে বাধ্য করা।
- সমাজস্থ সদস্যদের অসামাজিক ও সমাজ বিরোধী ক্রিয়াকলাপ থেকে বিরত রাখা।
- সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি না হতে দেওয়া।
- সমাজে সুস্থিত অবস্থা বজায় রাখা।
- সমাজ কে তার কাঞ্চিত লক্ষ্য গুলি অর্জনে ও সুস্থিত উন্নয়নে সহায়তা করা।
- সামগ্রিক সমাজ ব্যবস্থাকে সুসংহত ও সুশৃঙ্খলিত উপায়ে পরিচালিত করা ও সমাজের প্রগতির ধারা অক্ষুণ্ণ রাখা।



Agencies of Social Control

Informal:

- Family
- Peer Group
- Neighbourhood
- Religion
- Customs
- Folkways
- Mores
- Taboo
- Public Opinion
- Personality
- Ideologies
- Myth
- Mass Media
- Art & Language
- Ceremonies

Formal:

- Education
- State
- Law
- Administration